গত ০৭-০১-২০১৮খ্রিঃ রোজ- রবিবার সকাল ১১.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/মিরপুর/গুলশান/তেজগাঁও/উত্তরা বিভাগের ডিসেম্বর/২০১৭খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা ও অপহরণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি	ঃ	অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্) ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
তারিখ	ঃ	০৭-০১-২০১৮ খ্রিঃ ।
সময়	ঃ	সকাল ১১.০০ ঘটিকা।
স্থান	ঃ	ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব দেবদাস ভট্টাচার্য, অতিরিক্ত পুলিশ কমিশনার (গোয়েন্দা ও অপরাধতথ্য বিভাগ)
২.	জনাব কৃষ্ণ পদ রায় বিপিএম, পিপিএম (বার) যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম)
৩.	জনাব মোঃ মোজাম্মেল হক বিপিএম, পিপিএম (সেবা),উপ-পুলিশ কমিশনার (ক্রাইম) **অতিঃ ডিআইজি পদে পদোন্নতিপ্রাপ্ত**
৪.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন)
৫.	জনাব মোহাম্মদ আনিসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন)
৬.	জনাব মোহাম্মদ মোখলেসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (ডিবি-পশ্চিম)
৭.	জনাব মোঃ শহিদুল্লাহ পিপিএম, উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ)
৮.	জনাব মোঃ আসাদুজ্জামান পিপিএম, অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার(গোয়েন্দা-পূর্ব)
৯.	জনাব মোঃ হুমায়ুন কবীর,অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)
১০.	জনাব হাফিজ আল ফারুক, সিনিয়র এসি (মোহাম্মদপুর জোন)
১১.	জনাব মোঃ গোলাম সাকলায়েন, সিনিয়র এসি (ক্যান্টনমেন্ট জোনাল টিম, ডিবি- উত্তর)
১২.	জনাব ফজলুর রহমান, এসি (শ্যামপুর জোন)
১৩.	জনাব মোঃ রুবাইয়াত জামান, এসি (তেজগাঁও জোন)
১৪.	জনাব মোঃ আরিফুল ইসলাম, এসি (মতিঝিল জোন)
১৫.	জনাব মোঃ কামরুজ্জামান সরদার, এসি (তেজগাঁও শিল্পাঞ্চল জোন)
১৬.	জনাব মোঃ ওবায়দুর রহমান, এসি (সবুজবাগ জোন)
১৭.	জনাব ইশতিয়াক হাসান আমীন, এসি (ক্রাইম-১)
১৮.	জনাব মোঃ আশরাফুল করিম, এসি (বাড্ডা জোন)
১৯.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসি (মিরপুর জোন)
২০.	জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন)
২১.	জনাব মিজানুর রহমান, এসি (দক্ষিণখান জোন)
২২.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, এসি (ক্রাইম-২)
২৩.	জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (রমনা জোন)
২৪.	জনাব সাজ্জাদ ইবনে রায়হান, এসি (নিউমার্কেট জোন)
২৫.	জনাব সৈয়দ মামুন মোস্তফা, এসি (দারুসসালাম জোন)
২৬.	জনাব ইফতেখায়রুল ইসলাম, এসি (ডেমরা জোন)
২৭.	জনাব আহসানুজ্জামান, এসি (ডিবি-দক্ষিণ, কোতয়ালী জোনাল টীম)

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিতব্য প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। শাহবাগ থানার মামলা নং-০১, তারিখ-০২/১২/১৭খ্রিঃ, ধারা-৩২৮/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে মামলার তদন্তকারী কর্মকর্তা এবং জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি অজ্ঞান পার্টি কর্তৃক চেতনাশক দ্রব্য প্রয়োগ করে হত্যার ঘটনা। মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ **(১) অজ্ঞান পার্টির গ্রুপ ধরে অত্র মামলার তদন্ত কার্যক্রম চালিয়ে যাওয়ার নির্দেশ প্রদান করা হয়।**

(২) কোন বাসে ঘটনাটি ঘটেছে সেটা খুঁজে বের করার নির্দেশ প্রদান করা হয়।

(৩) ফুলবাড়ী বাসষ্ট্যান্ড এলাকায় অজ্ঞান পার্টির সর্ম্পকে সচেতনতামূলক সভা করার নির্দেশ প্রদান করা হয়।

(৪) মামলার তদন্তে সিরিয়াস ক্রাইম বিভাগকে সহায়তা করার নির্দেশ প্রদান করা হয়।

(৫) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। **নিউমার্কেট থানার, মামলা নং-১১, তারিখ-১৮/১২/১৭খ্রিঃ, ধারা-৩৬৪/৩০২/২০১/৩৪ পিসি।**

[<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ডিবির টিম লিডার জানান যে, অত্র মামলার ভিকটিম ইয়াবা আসক্ত ছিল। নির্মাণাধীন বিল্ডিংয়ের লিফটের ফাঁকা জায়গার গর্তে পরে ভিকটিম মারা গেছে বলে প্রাথমিক তদন্তে প্রতিয়মান হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) ভিকটিমের ইয়াবা সেবনকারী গ্রুপ সনাক্ত করে জিজ্ঞাসাবাদ পূর্বক অত্র মামলার রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। **সূত্রাপুর থানার মামলা নং-০৮, তারিখ-১৬/১২/১৭খ্রিঃ ধারা- ৩০২/২০১/৩৪ পিসি।**

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার অজ্ঞাতনামা ভিকটিমকে সনাক্ত করা সম্ভব হয়নি। ভিকটিমের ডিএনএ নমুনা সিআইডিতে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মামলাটি সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। **মুগদা থানার মামলা নং-০৯, তারিখ-০৩/১২/১৭খ্রিঃ ধারা-৩০২ পিসি।**

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। তদন্তকালে এজাহারনামীয় একমাত্র আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত লাঠি জব্দ করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। **যাত্রাবাড়ী থানার মামলা নং-৬৭, তারিখ-১৮/১২/১৭খ্রিঃ, ধারা-৩৯২/৩০২ পিসি।**

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি ছিনতাইকারী কর্তৃক শিশু আরাফাতকে হত্যার ঘটনা। সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে মূল আসামীকে চিহ্নিত পূর্বক গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৬। **যাত্রাবাড়ী থানার, মামলা নং-১০০, তারিখ-২৫/১২/১৭খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।**

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। অত্র মামলায় ০২ জন এজাহারনামীয় আসামী গ্রেফতার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) ঘটনার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।

(২) পলাতক অপর আসামীকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। **কদমতলী থানার, মামলা নং-৩২, তারিখ-১৮/১২/১৭খ্রিঃ ধারা-৩০২ পিসি।**

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক তার স্ত্রীকে হত্যার ঘটনা। মূল আসামী ঘাতক স্বামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) মূল আসামী ঘাতক স্বামীকে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৮। **কদমতলী থানার মামলা নং-৬০, তারিখ-২৭/১২/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।**

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, মাদক ব্যবসাকে কেন্দ্র করে সৃষ্ট দ্বন্দ্বের ফলে অত্র হত্যা কান্ডটি সংঘটিত হয়। বড় ভাইয়ের সনাক্ত মতে ভিকটিমের পরিচয় উদঘাটন করা হয়েছে। মামলার ঘটনায় ০৩ জন আসামী গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০২ জন বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। লাশ গুমের কাজে ব্যবহৃত সিএনজিটি জব্দ করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৯। তেজগাঁও থানার মামলা নং-২৩, তারিখ-১৫/১২/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় ব্রাহ্মণবাড়িয়া থেকে মূল আসামী গ্রেফতার করা হয়। পরবর্তীতে ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়। লুন্ঠিত কিছু মালামাল উদ্ধার করা হয়।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১০। মোহাম্মদপুর থানার মামলা নং-২৫, তারিখ-০৫/১২/১৭খ্রিঃ ধারা-৩৯৩/৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় সিসিটিভি ফুটেজ সংগ্রহ পূর্বক একটি মোটরসাইকেল সনাক্ত করা হয়েছে। মোটরসাইকেলের মালিককে গ্রেফতার করে ঘটনার মূল রহস্য উদঘাটন করার চেষ্টা অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) ঘটনায় জড়িত মূল আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১১। আদাবর থানার মামলা নং-১৭, তারিখ-২৪/১২/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলায় ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০৩ জন বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১২। তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-১৭, তারিখ-১৩/১২/১৭খ্রিঃ ধারা-৩৫৩/৩৩২/৩৩৩/৩০৭/৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি পুলিশের সাথে বন্দুকযুদ্ধের ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৩। শাহআলী থানার মামলা নং-০১, তারিখ-০১/১২/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনাঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। কাফরুল থানার মামলা নং-০৫, তারিখ-০৪/১২/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৮০/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত আসামীদের সনাক্ত করা হয়েছে তবে গ্রেফতার করা সম্ভব হয়নি। চুরি যাওয়া মোটরসাইকেল ও মোবাইল উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত মূল আসামীদের সনাক্ত করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। দারুসসালাম থানার মামলা নং-২২, তারিখ-১৫/১২/১৭খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার অজ্ঞাতনামা ভিকটিমকে সনাক্ত করা সম্ভব হয়নি। ভিকটিমের ডিএনএ নমুনা সিআইডিতে পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মামলাটি সিরিয়াস ক্রাইম এন্ড ইনভেস্টিগেশন বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। দারুসসালাম থানার মামলা নং- ৪৩, তারিখ-২৬/১২/১৭খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলার ঘটনায় এজাহারনামীয় মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। প্রাথমিক তদন্তে ঘটনাটি আত্মহত্যা বলে মনে হচ্ছে।

সিদ্ধান্ত ঃ (১) ময়না তদন্ত রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। বাড্ডা থানার মামলা নং-০৭, তাং-০৮/১২/১৭খ্রিঃ ধারা-১৮৬/৩৩২/৩৫৩/৩০৭/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি পুলিশের সাথে বন্দুকযুদ্ধের ঘটনা।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। বাড্ডা থানার মামলা নং-১৩, তারিখ-১১/১২/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত মূল আসামীকে গ্রেফতার সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত মূল আসামীদের সনাক্তকরণ করে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। ভাটারা থানার মামলা নং-১২, তারিখ-০৯/১২/১৭খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় এজাহারনামীয় ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) প্রকৃত আসামী গ্রেফতারসহ মামলার রহস্য উদঘাটনের নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। উত্তরখান থানার মামলা নং-১৬, তারিখ-১৪/১২/১৭খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি সৎভাই কর্তৃক অপর ভাইকে গলাটিপে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত এজাহারনামীয় মূল আসামীকে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। উত্তরা পূর্ব থানার মামলা নং-০২, তারিখ-০২/১২/১৭খ্রিঃ ধারা-৩৪২/৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলাটি সিআইডি কর্তৃক তদন্তাধীন হওয়ায় সভায় আলোচনা করা হয়নি।

২২। কোতয়ালী থানার মামলা নং-০৯, তাং-১৫/১২/১৭খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭পিসি।

আলোচনা ঃ মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র ডাকাতির ঘটনায় জড়িত ০৪ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। আসামীদের নিকট হতে ডাকাতি হওয়া ১৩,০০,০০০/-টাকা উদ্ধার করা হয়েছে। পলাতক অন্যান্য আসামীদের গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(২) পলাতক অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। রমনা মডেল থানার মামলা নং-১৯, তাং-১১/১২/১৭খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ছিনতাইয়ের ঘটনা। মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত ছিনতাইকারীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

(২) মৌচাক হতে বাংলামটর পর্যন্ত রাস্তার পাশে ফুটপাতের সকল অবৈধ দোকান বন্ধ করার কার্যকরী পদক্ষেপ নিতে উপ-পুলিশ কমিশনার রমনা বিভাগকে নির্দেশ প্রদান করা হয়।

(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। রমনা মডেল থানার মামলা নং-২৩, তাং-১৩/১২/১৭খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি অজ্ঞাতনামা আসামী কর্তৃক ছিনতাইয়ের ঘটনা। মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িতদের সনাক্ত করে দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। নিউমার্কেট থানার মামলা নং-১০, তাং-১৭/১২/১৭খ্রিঃ ধারা-৩৯২/৫০৬পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি বিজ্ঞ আদালতের নির্দেশে রুজু হয়। মামলার এজাহারনামীয় আসামী আদালতে হাজির হয়ে বর্তমানে জামিনে রয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

(২) মামলাটির তদন্তভার পিবিআইতে হস্তান্তরের জন্য আবেদন প্রেরণের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। খিলগাঁও থানার মামলা নং-২৫, তাং-০৭/১২/১৭খ্রিঃ ধারা-৩৯৪/৪১২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় হাতে নাতে ০২ জন আসামী ধৃত হয়। ছিনতাইকৃত রডবোঝাই ট্রাক উদ্ধার করা হয়।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। খিলগাঁও থানার মামলা নং-১২, তাং-০৩/১২/১৭খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় হাতে নাতে ০১ জন আসামী ধৃত হয়। ছিনতাইকৃত মোবাইল ফোন উদ্ধার করা হয়।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। পল্টন থানার মামলা নং-২৩, তাং-১২/১২/১৭খ্রিঃ ধারা-৩৯৪/৪১১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় হাতে নাতে ০১ জন আসামী ধৃত হয়। ছিনতাইকৃত কিছু মালামাল উদ্ধার করা হয়।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

(২) পলাতক অন্যান্য আসামীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়েছে।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। ওয়ারী থানার মামলা নং-১৪, তাং-১১/১২/১৭খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, প্রাথমিক তদন্তে অত্র মামলার ঘটনাটি মিথ্যা বলে প্রতিয়মান হয়।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। যাত্রাবাড়ী থানার মামলা নং-৫৭, তাং-১৬/১২/১৭খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ছিনতাইকৃত মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। মোহাম্মদপুর থানার মামলা নং-৭৩, তাং-১৯/১২/১৭খ্রিঃ ধারা-১৭০/৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনাটি প্রাথমিক তদন্তে মিথ্যা বলে প্রতিয়মান হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়।**

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। তেজগাঁও শিল্পাঞ্চল থানার মামলা নং-২৭, তাং-২২/১২/১৭খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত)জানান যে, অত্র মামলার ঘটনায় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০২ জন আসামীই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। ছিনতাইকৃত মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। ছিনতাই কাজে ব্যবহৃত প্রাইভেটকার জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) মামলার তদন্ত কার্যক্রম সন্তোষজনক হওয়ায় তদন্তকারী কর্মকর্তাকে পুরস্কৃত করার সিদ্ধান্ত গৃহিত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৩। বিমানবন্দর থানার মামলা নং-০৭, তাং-০৬/১২/১৭খ্রিঃ ধারা-১৭০/৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী কর্মকর্তা জানান যে, অত্র মামলাটি ডিবি পুলিশ পরিচয়ে ৪০ লক্ষ টাকা ছিনতাইয়ের ঘটনা।মামলাটি সিরিয়াস ক্রাইম এন্ড ইনেভেস্টিগেশন বিভাগে তদন্তাধীন আছে।

সিদ্ধান্ত ঃ (১) ঘটনায় জড়িত ছিনতাইকারীদের দ্রুত গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয়।

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৪। রমনা মডেল থানার মামলা নং-২৮, তারিখ-১৪/১২/১৭খ্রিঃ ধারা- ৩৪২/৩৬৫/৩৮৪/৩৮৫/৩৮৬/১০৯ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত)জানান যে, টাকা পয়সা দেনা পাওনা নিয়ে দ্বন্দের জেরে বিজ্ঞ আদালতের নির্দেশে অত্র মামলাটি রুজু হয়। অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ (১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। খুন ও দস্যুতা মামলাগুলো পর্যালোচনায় দেখা যায় যে বিভিন্ন থানা এলাকায় নিমার্ণাধীন ও পরিত্যক্ত ভবনগুলো মাদকসেবীদের আড্ডাস্থলে পরিনত হয়েছে। এসব নিমার্ণাধীন ও পরিত্যক্ত ভবনগুলোতে জোনাল এসিদের নেতৃত্বে অফিসার ইনচার্জদের মাধ্যমে নজরদারীতে এনে নিয়মিত ভাবে অভিযান পরিচালনার নির্দেশ প্রদান করা হয়। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি গ্রহণ করার পরামর্শ দেওয়া হয়। এ সংক্রান্তে স্মারক নং-ডিএমপি(সঃদঃ)/অপরাধ/মঃসেঃ/৩৯-২০১৮/অংশ-১৭/৪৩০(৮), তাং-১৩/০১/২০১৮খ্রিঃ এবং স্মারক নং- ডিএমপি(সঃদঃ)/অপরাধ/মঃসেঃ/৩৯-২০১৮/অংশ-১৭/২৬৭(৮), তাং-০৮/০১/২০১৮খ্রিঃ অনুসরণযোগ্য। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই /উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/ লালবাগ/ মতিঝিল/ ওয়ারী/ গুলশান/ মিরপুর/ তেজগাঁও/ উত্তরা বিভাগে গত **ডিসেম্বর**/১৭খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা ও অপহরন মোট ৩৪ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১৪ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি (সঃদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৮/অংশ-৪/ তারিখ- -০১-২০১৮খ্রিঃ।

অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা ডিবি-উত্তর/পশ্চিম/পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/ধানমন্ডি/নিউমার্কেট/খিলগাঁও/মতিঝিল/সবুজবাগ/লালবাগ/ডেমরা/শ্যামপুর/দক্ষিণখান/ বিমানবন্দর/বাড্ডা/ক্যান্টনমেন্ট/গুলশান/দারুসসালাম/মিরপুর/তেজগাঁও/মোহাম্মদপুর/তেজগাঁও শিল্পাঞ্চল) ডিএমপি, ঢাকা।
} অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম), ডিএমপি, ঢাকা।
} অবগতির জন্য।

৭। অফিস নথি।

(কৃষ্ণ পদ রায় বিপিএম,পিপিএম)
বিপি-৬৮৯৫০৭৫৯৬৮
যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd